

🗏 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصَصَ

আয়াতঃ ২৮:৬৫

া আরবি মূল আয়াত:

وَ يُومَ يُنَادِيهِم فَيَقُولُ مَاذَا آجَبتُمُ المُرسَلِينَ ﴿ 88 ﴾

🗚 অনুবাদসমূহ:

আর সেদিন আল্লাহ তাদেরকে ডেকে বলবেন, 'তোমরা রাসূলদেরকে কী জবাব দিয়েছিলে'? — আল-বায়ান আর সেদিন আল্লাহ তাদেরকে ডাক দিবেন এবং বলবেন- 'তোমরা রসূলদেরকে কী জওয়াব দিয়েছিলে?' — তাইসিক্লল

আর সেদিন (আল্লাহ) তাদেরকে ডেকে বলবেনঃ তোমরা রাসূলদেরকে কি জবাব দিয়েছিলে? — মুজিবুর রহমান And [mention] the Day He will call them and say, "What did you answer the messengers?" — Sahih International

৬৫. আর সেদিন আল্লাহ এদেরকে ডেকে বলবেন, তোমরা রাসূলগণকে কী জবাব দিয়েছিলে?

তাফসীরে জাকারিয়া

(৬৫) সেদিন আল্লাহ ওদেরকে ডেকে বলবেন, 'তোমরা রসূলগণকে কি জবাব দিয়েছিলে?' [1]

[1] পূর্বের আয়াতসমূহে তাওহীদ সম্বন্ধে প্রশ্ন ছিল। এবার দ্বিতীয় প্রশ্ন রিসালাত সম্পর্কে করা হবে। অর্থাৎ, আমি তোমাদের নিকট রসূল পাঠিয়েছিলাম, তোমরা তাঁদের সাথে কিরূপ আচরণ প্রদর্শন করেছ? তোমরা তাঁদের আহবানে সাড়া দিয়েছিলে কি না? যেমন কবরে প্রশ্ন করা হবে, তোমার নবী কে? তোমার ধর্ম কি? সুতরাং মু'মিন হলে সঠিক উত্তর দেবে। কিন্তু কাফের বলবে 'হাহ হাহ লা আদরী' হায় আফসোস! আমি তো কিছুই জানি না। অনুরূপ কিয়ামত দিবসেও উক্ত প্রশ্নের উত্তর দিতে পারবে না। সেই জন্য পরবর্তীতে বলা হয়েছে, "সেদিন তাদের সকল খবর বিলুপ্ত হয়ে যাবে।" অর্থাৎ, কোন প্রকার দলীল-প্রমাণ বুঝে আসবে না, যা তারা পেশ করতে পারে। এখানে দলীলকে 'খবর' বলে ব্যক্ত করে এই কথার দিকে ইঙ্গিত করা হয়েছে যে, তাদের বাতিল বিশ্বাসের স্বপক্ষে তাদের নিকট কোন দলীলই নেই। বরং তাদের নিকট আছে গল্প ও কাহিনী; যেমন আজ-কাল কবর পূজারীদের কাছেও কারামতির বানানো গল্পগুচ্ছ ছাড়া আর কিছুই থাকে না।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3317

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন